গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**
**প্রশাসন-২ শাখা**
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
www.roc.gov.bd

স্মারক নম্বরঃ ২৬.০৬.০০০০.০৬০.০১.০৭২.১৯. ২২৫৭

তারিখঃ ১৮ আশ্বিন ১৪৩০
০৩.১০.২০২৩

পরিপত্র

**বিষয়ঃ** কোম্পানী (দ্বিতীয় সংশোধন) আইন, ২০২০ এর ৩৮(৩)(গ) ধারা অনুযায়ী শেয়ার হস্তান্তরের ক্ষেত্রে কমিশন সংক্রান্ত।

এতদ্বারা এ পরিদপ্তরের সকল সেবাগ্রহীগণকে অবগত করা যাচ্ছে যে, কোম্পানী (দ্বিতীয় সংশোধন) আইন, ২০২০ এর ৩৮(৩)(গ) ধারা অনুযায়ী শেয়ার হস্তান্তরকারী যুক্তিসংগত কারণে রেজিস্ট্রারের কার্যালয়ে উপস্থিত হইতে না পারলে নির্ধারিত ফি আদায় সাপেক্ষে রেজিস্ট্রার কর্তৃক কমিশনিংয়ের সুযোগ রয়েছে। এর প্রেক্ষিতে বাণিজ্য মন্ত্রণালয়ের ০৯-০৭-২০২৩ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী কমিশনিং কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে এ পরিদপ্তর নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করেছেঃ

(ক) কমিশনিংয়ের আবেদনের জন্য কোম্পানির নিজস্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড এর মাধ্যমে এ পরিদপ্তরের ওয়েবসাইটের রিটার্ন ফাইলিং এর অধীনে 'কমিশন এ্যাপ্লিকেশন' নামীয় রেডিও বাটনে ক্লিক করতে হবে;
(খ) যে স্থানে কমিশন করতে হবে, কমিশন সংক্রান্ত আবেদনপত্রে সেই ঠিকানা প্রদান করতে হবে। এছাড়াও কমিশনের জন্য অন্যান্য নির্ধারিত তথ্যাদি প্রদান পূর্বক প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে নির্ধারিত ফিস (টাকা ২০০+ভ্যাট) প্রদানপূর্বক আবেদন দাখিল করতে হবে;
(গ) দাখিলকৃত আবেদন যাচাই-বাছাইপূর্বক অনুমোদন করা হলে অনলাইনে একটি সাবমিশন নম্বর তৈরি হবে, যা সংশ্লিষ্ট কোম্পানির প্রোফাইলে প্রদর্শিত হবে;
(ঘ) অতঃপর অনুমোদিত কমিশনিংয়ের জন্য গ্রাহক কর্তৃক প্রযোজ্য ফিস প্রদানপূর্বক কমিশনিং কার্যক্রমে সম্পন্ন করা হবে;
(ঙ) কমিশনিংয়ের ব্যক্তি ও স্থানের জন্য বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফিস কার্যকর হবে।

জনস্বার্থে জারীকৃত এ পরিপত্র অনতিবিলম্বে কার্যকর হবে।

০৩/১০/২০২৩

( শেখ শোয়েবুল আলম এনডিসি )
নিবন্ধক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮ ০২ ৮১৮৯৪০১
registrar@roc.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।
১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), ই-৬/বি আগারগাও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
৩. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, ই-৬/বি আগারগাও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
৫. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বেপজা কমপ্লেক্স, বাড়ি#১৯/ডি, রোড#৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাও, শেরেবাংলানগর, ঢাকা।
৭. সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই), ৬০ মতিঝিল, ঢাকা।
৮. সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এমসিসিআই), চেম্বার ভবন (৫ম তলা), ১২২-১২৪ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
৯. সভাপতি, দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি) সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫।
১০. সভাপতি, ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ (আইসিএসবি), পদ্মা লাইফ টাওয়ার, (৭ম ও ৮ম ফ্লোর), ১১৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১০০০।
১১. উপনিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম।
১২. প্রোগ্রামার, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
১৩. সহকারী নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা।
১৪. সহকারী প্রোগ্রামার, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. অফিস কপি।